



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০১

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উন্নয়নে সরকার কাজ করছে

- খাদ্যমন্ত্রী

রাজশাহী; ১৮ আষাঢ় (২ জুলাই):

বর্তমান সরকার দেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষের জীবনমান উন্নয়নে কাজ করছে বলে জানান খাদ্যমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা সাধন চন্দ্র মজুমদার।

আজ শনিবার (২ জুলাই) দুপুরে নওগাঁর পোরশা উপজেলার সরাইগাছীতে কারিতাসের সুবর্ণজয়ন্তী ও সিধু-কানু দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

খাদ্যমন্ত্রী বলেন, দেশের প্রতিটি জাতিগোষ্ঠীর ঐতিহ্য রক্ষায় সরকার বদ্ধপরিকর। তাদের জীবনমান উন্নয়নে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকার চায় কেউ পেছনে পড়ে না থাক, সমাজের মূলশ্রোতে সব জাতিগোষ্ঠীর মানুষের অবাধ চলাচল সুনিশ্চিত হোক।

সাধন চন্দ্র মজুমদার বলেন, অনেক সংগঠন আছে যারা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অবহেলিত মানুষ নিয়ে বিভিন্ন মিছিল, মিটিং ও সমাবেশ করে। এসবের ভিডিও ধারণ করে বিদেশে পাঠিয়ে অর্থ নিয়ে আসে। তারা নিজেরা ফায়দা লুটে, কিন্তু ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অবহেলিত মানুষের অবস্থার কোনোরূপ পরিবর্তন হয় না। অপরদিকে কারিতাস ক্ষুদ্র নৃ-গোষ্ঠীসহ প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে ভূমিকা রেখে চলছে।

এ সময় মন্ত্রী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অবহেলিত মানুষের সমস্যাসমূহের কার্যকর সমাধানে একতাবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে পোরশা উপজেলা নির্বাহী অফিসার সালমা আক্তার, কারিতাসের বিশপ জেভার্স রোজারিও, কারিতাসের আঞ্চলিক পরিচালক সুক্লেশ জর্জ কস্তা প্রমুখ বক্তৃতা করেন।##

.....
তৌহিদুজ্জামান/সিকান্দার/রুহুল/হালিম/২০২২